

সেফটি কিট®

প্রসবের জন্য নিরাপদ ও জীবাণুমুক্ত সরঞ্জাম

আপনার নিকটস্থ এসএমসি বু স্টার কেন্দ্র ও
ফার্মেসিতে সেফটি কিট পাওয়া যায়।
একটি প্যাকেটের দাম মাত্র ৫০ টাকা।



এসএমসি'র পণ্য এবং স্বাস্থ্যসেবা সম্পর্কে জানতে

ফোন করুন:

টেলিজিঙ্কাসা

(মহিলা) ৮৮১১৪৭৫/ ০১৭৩০৩৩৮৫৮৩

(পুরুষ) ৮৮১২৬৭০/ ০১৭৩০০৫৯৩৬৪

(রবি - বৃহস্পতিবার সকাল ৯টা - বিকাল ৫টা)

সেফটি কিটের ব্যবহার
মা ও শিশুর অধিকার



www.smc-bd.org

সেফটি কিটের ব্যবহার মা ও শিশুর অধিকার

যে কারণে এসএমসি নিয়ে এলো সেফটি কিট

বাংলাদেশে প্রায় শতকরা ৮৫ ভাগ ক্ষেত্রে সন্তান প্রসব হয় বাড়িতে। প্রসবকালীন বিভিন্ন জটিলতার কারণে প্রতি বছর মারা যায় অসংখ্য মা ও শিশু। এই মৃত্যুর অন্যতম প্রধান কারণ প্রসবের সময় জীবাণুমুক্ত সরঞ্জাম ব্যবহার না করার কারণে সৃষ্ট সংক্রমণ। মা ও নবজাতকের এই মৃত্যু কখনই কাঙ্ক্ষিত নয়। একমাত্র সচেতনতা ও সঠিক পদক্ষেপই পারে প্রসবকালীন মৃত্যু প্রতিরোধ করতে। নিরাপদ প্রসবের জন্য নিকটস্থ স্বাস্থ্যসেবা কেন্দ্রে যেতে হবে, নিশ্চিত হতে হবে যে এ সময় যে সরঞ্জামগুলো ব্যবহার করা হচ্ছে তা জীবাণুমুক্ত, প্রতিরোধ করতে হবে সংক্রমণ। আর এই জরুরি বিষয়টি নিশ্চিত করা গেলে উল্লেখযোগ্য সংখ্যক মৃত্যু প্রতিরোধ করা সম্ভব।

সংক্রমণজনিত এই অনাকাঙ্ক্ষিত মৃত্যু প্রতিরোধে সাহায্য করতে সোশ্যাল মার্কেটিং কোম্পানি (এসএমসি) বাজারে এনেছে সেফটি কিট। এতে আছে প্রসবের সময় ব্যবহারের জন্য জরুরি সকল নিরাপদ ও জীবাণুমুক্ত সরঞ্জাম।

সেফটি কিটের গুরুত্ব

প্রসবের সময় সেফটি কিট অর্থাৎ জীবাণুমুক্ত সরঞ্জামের একটি প্যাকেট হাতের কাছে রাখা খুবই গুরুত্বপূর্ণ। প্রসবের সময় প্রায়ই দেখা যায় প্রয়োজনীয় জিনিসটি হাতের কাছে পাওয়া যাচ্ছে না। আবার পাওয়া গেলেও সেগুলো যে জীবাণুমুক্ত সে ব্যাপারে নিশ্চিত হওয়া কঠিন। এইসব জটিলতার সহজ সমাধান সেফটি কিট।

শুধু সেফটি কিট পাশে রাখাই নয়, প্রসবের সময় এর প্রতিটি সরঞ্জাম সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে কি না তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে প্রশিক্ষণপ্রাপ্ত ধাত্রী এবং প্রসূতির পরিবারের সদস্য ও অভিভাবকদের।

এক নজরে সেফটি কিট*

প্রসবের সময় প্রয়োজনীয় জীবাণুমুক্ত সরঞ্জাম আছে সেফটি কিটের একটি প্যাকেটে, পাশাপাশি আছে সরঞ্জামগুলো সঠিকভাবে ব্যবহারের নির্দেশিকা।

সেফটি কিটে যা আছে:



সাবান: প্রসবের পূর্বে প্রশিক্ষণপ্রাপ্ত ধাত্রীকে বা যিনি প্রসব করাবেন তাকে এই সাবান দিয়ে দুই হাতের কনুই পর্যন্ত চলমান পরিষ্কার পানি দিয়ে ধুয়ে নিতে হবে।



প্লাস্টিক শীট: প্রসবের পূর্ব-মুহূর্তে গর্ভবতী মায়ের কোমরের নিচে এই প্লাস্টিকের শীট বিছিয়ে দিতে হবে, যাতে করে গর্ভবতী মাকে পরিষ্কার জায়গায় শোয়ানে যায়।



নাভির ক্লিপ: সন্তান প্রসবের পর নবজাতকের নাভি কাটার পূর্বে ক্লিপটিকে নাভির গোড়া থেকে দুই আঙ্গুল ওপরে লাগাতে হবে।



সূতা: নবজাতকের নাভিতে গিট দেয়ার জন্য। ক্লিপ লাগানোর পর নাভিতে ২টি গিট দিতে হয়- ক্লিপ থেকে ১ আঙ্গুল ওপরে ১ম গিট এবং ১ম গিট থেকে ৪ আঙ্গুল ওপরে ২য় গিট।



নাভি কাটার ব্লেড: এই ব্লেডটি নবজাতকের নাভি কাটার জন্য। ব্লেডের প্যাকেটটি অর্ধেক খুলে হাতল ধরে ব্লেডটিকে টেনে বের করে ১ম সূতার গিট থেকে ১ আঙ্গুল ওপরে নাভি কাটতে হবে। তবে মনে রাখতে হবে, ব্লেডের যে প্রান্ত দিয়ে নাভি কাটবেন, তা স্পর্শ করা যাবে না।



তুলা: নবজাতকের নাভি কাটার পর এই তুলা দিয়ে নাভির কাটা অংশ মুছে দিতে হবে।